চিকুনগুনিয়া আপডেট ইস্যু নং-৪, তারিখঃ ৬ জুলাই, ২০১৭

স্বাস্থ্য মহাপরিচালকের চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কক্ষ পরিদর্শন

গতকাল ৫ই জুলাই সকালে স্বাস্থ্য মহাপরিচালক ডাঃ অধ্যাপক আবুল কালাম আজাদ চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কক্ষের কাজ সরেজমিনে প্রত্যক্ষ করার জন্য পরিদর্শনে আসেন। পরিদর্শনকালে তিনি এর বিভিন্ন কার্যাবলি দেখেন এবং এর কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিভিন্ন পরামর্শ দেন। উক্ত পরিদর্শনকালে তাঁর সাথে অধ্যাপক এ এইচ এম এনায়েত হোসেন, অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা ও গবেষণা, স্বাস্থ্য অধিদপ্তর, অধ্যাপক সানিয়া তাহমিনা, পরিচালক রোগ নিয়ন্ত্রণ, ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম সরকার, লাইন ডিরেক্টর এমএনসি এন্ড এএইচ, আব্দুস সালাম, প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর সহ স্বাস্থ্য অধিদপ্তরের ও আইইডিসিআর পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। তিনি এই নিয়ন্ত্রণ কক্ষকে সুষ্ঠুভাবে কার্য সম্পাদনের জন্য সকলকে সর্বাত্বক সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। এছাড়া নিয়ন্ত্রণ কক্ষকে যথাযথ যন্ত্রপাতি ও লোকবল দিয়ে জোরদারকরণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পরিচালক আইডিসিআর-কে নির্দেশ প্রদান করেন।

হটলাইন

গতকাল ১১৩ জন হটলাইন মারফৎ এবং ৩ জন ব্যক্তি সরাসরি উপস্থিত হয়ে বিভিন্ন তথ্য জানতে চান। তারা বেশীরভাগ ঢাকা থেকে এবং এছাড়া নরসিংদি, কিশোরগঞ্জ, যশোর জেলা থেকে যোগাযোগ করেন।

চট্টগ্রাম জেলা রেপিড রেসপন্স টিম ডেঙ্গু ও চিকুনগুনিয়া

৪ ঠা জুলাই সিভিল সার্জন চট্টগ্রাম কার্যালয়ে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ মহোদয়ের ভিডিও কনফারেন্সের নির্দেশ মোতাবেক 'চট্টগ্রাম জেলা রেপিড রেসপন্স টিম ফর ডেঙ্গু - চিকুনগুনিয়া' গঠিত হয় এবং প্রতিটি উপজেলায় উপরোক্ত রেপিড রেসপন্স টিম করে চিকুনগুনিয়া মোকাবেলায় গণসচেতনতা সৃষ্টি ও যথাযথ চিকিৎসা প্রদানের নির্দেশ প্রদান করা হয়। এছাড়া উক্ত সভায় আরো সিদ্ধান্ত হয় যে :

(ক) সিভিল সার্জন কার্যালয়, চট্টগ্রাম এর এমও ডিসি ডা. মোঃ নুরুল হায়দার কে আহবায়ক ও কীটতত্ত্ববিদ এনতেজার ফেরদৌস কে সদস্য সচিব করে ৯(নয়) সদস্য বিশিষ্ট জেলা চিকুনগুনিয়া রেপিড রেসপন্স টিম গঠিত হয়।

(খ) সিভিল সার্জন কার্যালয়ে " ডেঙ্গু ও চিকুনগুনিয়া " কন্ট্রোলরুম চালু করে এবং প্রতিদিন আইইডিসিআর এ ই-মেইলের মাধ্যমে চিকুনগুনিয়ার প্রতিবেদন প্রেরন করার ও হাসপাতালের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাদের নির্দেশনা প্রদান।

(গ) বিদ্যালয় স্বাস্থ্য ক্লিনিকের মাধ্যমে স্কুল কলেজে ছাত্র-ছাত্রী ও অভিভাবক সমাবেশ করে ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধের জন্য সচেতনতা বৃদ্ধি করার কার্যক্রম পরিচালনা করবেন।

(ঘ) চট্টগ্রাম জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের মেডিসিন ও শিশু ওয়ার্ড এবং প্রাইভেট ক্লিনিকগুলোর সাথে যোগাযোগ করে সন্দেহজনক চিকুনগুনিয়া রোগীর সন্ধান পাওয়া মাত্র অত্র কার্যালয়ে ই- মেইলে অথবা ফোনে জানানোর জন্য অনুরোধ করবেন।

চিকুনগুনিয়া ভাইরাসটি মশার মাধ্যমে (এডিস ইজেপ্টি ও এডিস অ্যালবোপিকটাস) মানুষের মধ্যে ছড়ায়। চিকুনগুনিয়া আক্রান্ত বেশীরভাগ রোগীর মধ্যে সাধারণত উচ্চ মাত্রার জ্বর ও গিটে ব্যথা দেখা যায়। এছাড়াও মাথা ব্যথা, মাংশপেশীতে ব্যথা, গিট ফুলে যাওয়া অথবা ছোট দানার মত র‍্যাশ দেখা যেতে পারে। চিকুনগুনিয়া প্রতিরোধের কোন ভ্যাকসিন নেই। লক্ষণ অনুযায়ী চিকিৎসা গ্রহন করতে হয়। শুধুমাত্র জনসচেতনতা ও মশকনিয়ন্ত্রণ-ই চিকুনগুনিয়া বিস্তার রোধ করতে পারে।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে দয়া করে এই ওয়েবসাইট ভিজিট করুন-www.iedcr.gov.bd অথবা হটলাইন নাম্বার ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন।

PHEOC. CHIKUNGUNYA: Institute of Epidemiology, Disease Control and Research (IEDCR), DGHS, Dhaka, Bangladesh. Contact: info@iedcr.gov.bd